

## কর্মগত দিক দিয়ে শির্ক তিন প্রকার

কর্মগত দিক দিয়ে শির্ক তিন প্রকার:-

(ক) কথা দ্বারা শির্ক (খ) কাজের দ্বারা শির্ক (গ) বিশ্বাসের দ্বারা শির্ক।

বিশেষ অর্থে এবং পরিণতি বিবেচনায় শির্ক দুই প্রকার:-

(১) শির্কে আকবার বা বড় শির্ক (২) শির্কে আসগার বা ছোট শির্ক।

শির্কে আকবার এর প্রকার:-

শির্কে আকবার এর প্রকার বর্ণনার ক্ষেত্রে বিভিন্ন ‘উলামায়ে কিরাম বিভিন্ন ধরনের মত প্রকাশ করেছেন।

‘আল্লামা শাহ ইছমাঈল শহীদ رحمته الله এটিকে মোট চার প্রকারে বিভক্ত করেছেন। সেগুলো হচ্ছে:-

- ১। জ্ঞানগত শির্ক (الشرك في العلم)
- ২। পরিচালনাগত শির্ক (الشرك في التصرف)
- ৩। উপাসনাগত শির্ক (الشرك في العبادات)
- ৪। অভ্যাসগত শির্ক (الشرك في العادات)